গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
এফ-৪/বি, আগারগাঁও প্রশাসনিক এলাকা
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।
www.techedu.gov.bd

স্মারক নং- ৩৭.০৩.০০০০.০৬৩.৩২.০১২.১৬- ৫৬৪ তারিখ ঃ ২১ আগষ্ট, ২০১৬খ্রিঃ।

বিষয় ঃ গত ০৪ মে, ২০১৬ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী প্রেরণ সংক্রান্ত।

শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-৩৭.০০.০০০০.০৬৫.১৬.০৩৮.১৬-৪২৬ , তারিখ ঃ ১১ আগস্ট, ২০১৬ খ্রিঃ মোতাবেক প্রদত্ত পত্রখানা সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যব্যবস্থা গ্রহণের নিমিত্ত পৃষ্ঠাংকন করে প্রেরণ করা হ'ল।

১-৪ । পরিচালক (প্রশাসন/পরিঃ ও উন্নঃ/পিআইইউ/ভোকেশনাল), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৫-৮ । অধ্যক্ষ, টেকনিক্যাল টিচার্স ট্রেনিং কলেজ/সিলেট ইঞ্জিনিয়ারিং কলেজ/ময়মনসিংহ ইঞ্জিনিয়ারিং কলেজ ফরিদপুর ইঞ্জিনিয়ারিং কলেজ।
৯-৫৯ । অধ্যক্ষ, ---সকল---------------------------পলিটেকনিক ইনস্টিটিউট/বাংলাদেশ ইনস্টিটিউট অব গ্লাসএন্ড সিরামিক/বাংলাদেশ ইনস্টিটিউট অব গ্রাফিক আর্টস/বাংলাদেশ সার্ভে ইনস্টিটিউট/ফেনী কম্পিউটার ইনস্টিটিউট ,ফেনী/ভোকেশনাল টিচার্স ট্রেনিং ইনস্টিটিউট, বগুড়া।
৬০ । জনাব মোঃ আখতারউজ-জামান, সিনিয়র সহকারী সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬১-১২৪ । অধ্যক্ষ, টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ, ----সকল-------------------------------।
১২৫ । সংযুক্ত কর্মকর্তা, ICT সেল, পত্রখানা জরুরী ভিত্তিতে ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ।
১২৬ । পিএ টু মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর। মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য।
১২৭ । নথি।

২১/৮/১৬

(ড. শেখ আবু রেজা)
পরিচালক (পিআইডব্লিউ)
কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

২১/৮/১৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
সিটি কর্পোরেশন-১ শাখা

স্মারক নং-৪৬.০০.০০০০.০৭০.০১৮.৩৫২.২০১৪-৭৯২ তারিখঃ ০৩ আগষ্ট, ২০১৬ খ্রিঃ।

বিষয়ঃ আসন্ন ঈদ উল আযহা উপলক্ষ্যে কোরবানী পশু জবেহকরণ ও ময়লা আবর্জনা দ্রুত অপসারণ বিষয়ে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি প্রতিবেদন প্রেরণ প্রসংগে।

সূত্রঃ এ বিভাগের স্মারক নং-৪৬.০০.০০০০.০৭০.০১৮.৩৫২.১৪-৩৪৮ তাং- ১৬ মে, ২০১৬ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয়ে সূত্রে বর্ণিত স্মারকের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, কোরবানীর পশু সুনির্দিষ্ট স্থানে জবেহকরণ ও দ্রুত বর্জ্য অপসারণ বিষয়ে গত ০৪ মে, ২০১৬ তারিখ স্থানীয় সরকার বিভাগের সচিব মহোদয়ের সভাপতিত্বে একসভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণী সূত্রোক্ত স্মারকে গত ১৬ মে, ২০১৬ তারিখ প্রেরণ করা হয়েছে (কপি সংযুক্ত)। কার্যবিবরণীতে বর্ণিত সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রয়োজন।

এমতাবস্থায়, কোরবানীর পশু সুনির্দিষ্ট স্থানে জবেহকরণ ও দ্রুত বর্জ্য অপসারণ বিষয়ে গত ০৪ মে, ২০১৬ তারিখ অনুষ্ঠিত সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের সংশ্লিষ্ট অংশের অগ্রগতি প্রতিবেদন আগামী ০৮ আগষ্ট, ২০১৬ তারিখের মধ্যে স্থানীয় সরকার বিভাগে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হ'ল।

(খলিল আহমদ)
উপসচিব
ফোনঃ ৯৫৭৩৩২৫

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলঃ

১। সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সচিব, শিক্ষা মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬। সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭। সচিব, পরিবেশ ও বন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮। সচিব, ধর্ম মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৯। সচিব, রেলপথ মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০। সচিব, তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১১। সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১২। প্রধান নির্বাহী কর্মকর্তা,
ঢাকা উত্তর/ঢাকা দক্ষিণ/চট্টগ্রাম/রাজশাহী/ খুলনা/সিলেট
বরিশাল/নারায়ণগঞ্জ/কুমিল্লা/রংপুর/গাজীপুর সিটি কর্পোরেশন।
১৩। জেলা প্রশাসক, ---------------------------------------জেলা (সকল)।
১৪। উপ-সচিব(পৌর-১ অধিশাখা), স্থানীয় সরকার বিভাগ।
১৫। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।
১৬। সহকারী সচিব(পৌর-১), স্থানীয় সরকার বিভাগ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
সিটি কর্পোরেশন শাখা-১
www.lgd.gov.bd

কোরবানীর পশু সুনির্দিষ্ট স্থানে জবেহ্করণ ও দ্রুত বর্জ্য অপসারণ বিষয়ে করণীয় নির্ধারণের উদ্দেশ্যে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

সভাপতি : আবদুল মালেক
সচিব, স্থানীয় সরকার বিভাগ
সভার স্থান : সম্মেলন কক্ষ, স্থানীয় সরকার বিভাগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
সভার তারিখ ও সময় : ০৪ মে ২০১৬ খ্রিঃ, সকাল ১১:০০ ঘটিকা
উপস্থিতির তালিকা : পরিশিষ্ট 'ক'

সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কার্যক্রম শুরু করেন। সভায় প্রধানমন্ত্রীর কার্যালয়ের গভর্নেন্স ইনোভেশন ইউনিটের মহাপরিচালক জনাব মোঃ আবদুল হালিম উপস্থিত ছিলেন। সভাপতি কোরবানীর ঈদ উৎসবকে সুষ্ঠু ব্যবস্থাপনার মাধ্যমে ধর্মপ্রাণ মুসলমানের ধর্মীয় অনুভূতিতে শ্রদ্ধা বজায় রেখে সিটি কর্পোরেশন ও পৌর এলাকাসহ দেশের অন্যান্য স্থানে পশু সুনির্দিষ্ট স্থানে জবেহ্করণ ও দ্রুত বর্জ্য অপসারণের গুরুত্ব এবং এ বিষয়ে মাননীয় প্রধানমন্ত্রী অনুশাসনের বিষয়টি পুনরুল্লেখ করেন। এছাড়া তিনি সৌদি আরব, মালয়েশিয়া এবং ইন্দোনেশিয়ায় নির্দিষ্ট স্থানে কোরবানীর পশু জবেহ্র প্রচলন আছে বলে উল্লেখ করেন। সভাপতি বিভিন্ন সিটি কর্পোরেশনের প্রতিনিধিকে পশু জবাইয়ের স্থান নির্ধারণ, ইমাম ও কসাইয়ের নামের তালিকা ও মোবাইল নাম্বার সংগ্রহ করায় ধন্যবাদ জ্ঞাপন করেন।

বিভিন্ন সিটি কর্পোরেশনের প্রতিনিধিগণ নির্ধারিত স্থানের সংখ্যা, ইমামের সংখ্যা এবং কসাইয়ের সংখ্যা উপস্থাপন করেন। নিম্নে তার বিবরণ প্রদত্ত হলঃ

| সিটি কর্পোরেশনের নাম | পশু জবাইয়ের নির্ধারিত স্থান | পশু জবাইয়ের নির্ধারিত ইমামের সংখ্যা | কসাইয়ের সংখ্যা |
|---|---|---|---|
| ঢাকা উত্তর সিটি কর্পোরেশন | ২০৪ | ৩৩৬ | ২০৫ |
| ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন | ৩২৪ | ৩৬০ | ২৭৫ |
| খুলনা সিটি কর্পোরেশন | ১৫৫ | ২২০ | ১৭৫ |
| সিলেট সিটি কর্পোরেশন | ২৭ | ৭৫০ | - |
| গাজীপুর সিটি কর্পোরেশন | ৪১৪ | ৪১৪ | ৪১৪ |
| রংপুর সিটি কর্পোরেশন | ৩৩ | - | - |
| বরিশাল সিটি কর্পোরেশন | ১৪০ | ২৮০ | ১৭৫ |
| চট্টগ্রাম সিটি কর্পোরেশন | ৩৮৭ | ৭৫০ | - |
| নারায়নগঞ্জ সিটি কর্পোরেশন | ১৯০ | ২০০ | - |
| রাজশাহী সিটি কর্পোরেশন | ১৫০ | ৩৭৭ | ২৭৫ |
| কুমিল্লা সিটি কর্পোরেশন | - | - | - |
| নীলফামারী পৌরসভা | ৩৭ | - | - |

সভায় বিস্তারিত আলোচনা ও উপস্থাপিত প্রস্তাবের বিশ্লেষণ করা হয় এবং সর্বসম্মতিক্রমে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

(১) বিগত কোরবানীতে সিটি কর্পোরেশনে কতটি পশু জবেহ্ করা হয়েছিল তার আনুমানিক সংখ্যা নির্ধারণ করে স্থানের সংখ্যা নির্ধারণ করতে হবে;
(২) সিটি কর্পোরেশনসমূহ কর্তৃক নির্ধারিত জবেহ্র স্থান, ইমামের সংখ্যা এবং কসাইয়ের সংখ্যা আরো বৃদ্ধি করতে হবে এবং তালিকা ডিজিটালাইজড ও সংশ্লিষ্ট ওয়েবসাইটে আপলোড করতে হবে;
(৩) কোন ব্যক্তি তার পছন্দের ইমাম সাহেবকে নিয়ে আসলে তাকেও অন্তর্ভুক্ত করতে হবে। যারা পাড়া/মহল্লার কসাই তাদেরকে তালিকায় অন্তর্ভুক্ত করতে হবে। চামড়া সংগ্রহকারীকে কসাইয়ের তালিকাভুক্ত করা যেতে পারে;
(৪) কোরবানীর পশু নির্দিষ্ট স্থানে জবাই সংক্রান্ত কমিটিতে অবশ্যই স্থানীয় ইমামদের অন্তর্ভুক্ত করতে হবে;
(৫) ১৮ বছরের কম বয়সী মাদ্রাসার ছাত্রদের পশু জবাইয়ের কাজে ব্যবহার করা যাবে না;
(৬) পশু কোরবানী প্রদানকারীদের বাড়ী হতে অন্তত: ২৫০ গজের মধ্যে জবেহ্র স্থান নির্ধারণ করতে হবে;
(৭) হাইরাইজ বিল্ডিং এর বেজমেন্টকে পশু জবাইয়ের জন্য নির্ধারণ করা যেতে পারে, তবে বর্জ্য অপসারণের পর্যাপ্ত ব্যবস্থা নিশ্চিত করতে হবে;
(৮) কলোনী বা স্কুলকে পশু জবেহ্র নিমিত্ত নির্ধারিত স্থান হিসেবে ব্যবহারের জন্য শিক্ষা মন্ত্রণালয়কে অনুরোধ করতে হবে;
(৯) সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ এবং রেলপথ মন্ত্রণালয়কে তাদের অব্যবহৃত স্থান পশু জবেহ্র জন্য নির্ধারণে সহায়তার জন্য অনুরোধ করা হবে;

(১০) ঢাকার দুটি সিটি কর্পোরেশনে ৮টি করে ১৬টি ইউনিয়ন অন্তর্ভুক্তির বিষয়টি লক্ষ্য রেখে স্থান নির্ধারণ করতে হবে;

(১১) পশুর মাংস ব্যাগে বহনের ব্যবস্থা করার জন্য বিতর্কিত নয় এমন বেসরকারী প্রতিষ্ঠানকে (বিজ্ঞাপনের মাধ্যমে) উৎসাহ প্রদান করতে হবে। প্রয়োজনে মাংস বহন করার জন্য সিটি কর্পোরেশন ভ্যানের ব্যবস্থা করবে;

(১২) সিটি কর্পোরেশনের নির্ধারিত স্থান ব্যতীত অন্যত্র পশু জবেহ্ করা হলে এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট কর্তৃক মোবাইল কোর্ট পরিচালনা করা যেতে পারে। তবে কোরবানীর আগে বা পরে ১ মাস কোন ভ্রাম্যমান আদালত পরিচালনা করা যাবে না;

(১৩) প্রতিটি সিটি কর্পোরেশন ও পৌরসভা ঈদের ১৫ দিন আগে কন্ট্রোল রুম খুলবে;

(১৪) মেট্রোপলিটন পুলিশ/স্কাউট কোরবানীর পশু জবেহ্র স্থানে শৃঙ্খলা বজায় রাখার জন্য নিয়োজিত করা যেতে পারে;

(১৫) সকল জেলা প্রশাসক, ডিডিএলজি, ডিএলজিকে মনিটর করার দায়িত্ব প্রদান করতে হবে এবং এবিষয়ে জেলা প্রশাসন মনিটরিং টিম করতে পারে;

(১৬) কোরবানীর ঈদের অন্তত ১০/১৫ দিন আগে প্রতিটি বাড়ীতে কোথায়, কখন কোন এলাকার/বাড়ীর পশু জবেহ্ করা হবে তার বিবরণ সম্বলিত স্লিপ প্রতিটি বাড়ীতে গিয়ে দিতে হবে;

(১৭) ইমামদের অধিক্ষেত্র নির্ধারণ করে ঈদের দিন ২/৩ ঘন্টার মধ্যে জবেহ্র কাজ সমাধা করতে হবে;

(১৮) ধর্মীয় নেতা বা যারা হজ্ব করেছেন বা মালয়েশিয়া ও ইন্দোনেশিয়ায় বসবাস করেছেন তাদেরকে প্রচারণায় অংশগ্রহণ করাতে হবে;

(১৯) ইসলামিক ফাউন্ডেশন নির্ধারিত স্থানে পশু জবেহ্র গুরুত্বের উপর ব্যাপক প্রচার করবে এবং লিফলেট প্রদানের ব্যবস্থা গ্রহণ করবে। এ বিষয়ে স্থানীয় সরকার বিভাগ ধর্ম মন্ত্রণালয়ের সহায়তায় লিফলেট প্রস্তুত করে সিটি কর্পোরেশন ও পৌরসভার মাধ্যমে বিতরণের ব্যবস্থা করবে;

(২০) সিটি কর্পোরেশন ও পৌরসভা কোরবানীর অন্তত: ১০ দিন আগে এলাকা ভিত্তিক পশুর হাট এবং পশু জবেহ্র নির্ধারিত স্থানের তালিকা ব্যানারে ওয়ার্ডে ওয়ার্ডে টাঙ্গিয়ে দেবে। ব্যাপক প্রচারের অংশ হিসেবে সিটি কর্পোরেশন ও পৌরসভা প্রস্তুতিমূলক সভাসমূহে স্থানীয় সাংবাদিকদের উপস্থিতি নিশ্চিত করবে;

(২১) তথ্য মন্ত্রণালয়কে কোরবানীর পশু জবাইয়ের নির্ধারিত স্থান ও বর্জ্য অপসারণের তাৎপর্য তুলে ধরে একটি ভিডিও ক্লিপ বিটিভি ও বিভিন্ন বেসরকারী চ্যানেলসমূহে ব্যাপকভাবে প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হবে;

(২২) প্রচারনার বিষয়ে সিটি কর্পোরেশন/পৌরসভা পরিমিত ব্যয়ের ব্যবস্থা করতে পারে;

(২৩) সিটি কর্পোরেশনে জনসাধারণের প্রবেশ ও নির্গমন স্থানে পশুর হাট বা পশু জবেহ্র জন্য নিষিদ্ধ করতে হবে। যাত্রী চলাচল করে এমন কোন সড়কে পশুর হাট বসানো বা পশু জবেহ্ করা যাবে না;

(২৪) পশুর ভুড়ি পরিষ্কার করার জন্য সিটি কর্পোরেশন ও পৌরসভা শ্রমিক নিয়োগ করবে;

(২৫) সিটি কর্পোরেশনের চাহিদার ভিত্তিতে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়কে তাবু সরবরাহের অনুরোধ করতে হবে এবং সিটি কর্পোরেশন/পৌরসভা সেবা প্রার্থীদের বসার চেয়ারের ব্যবস্থা করবে;

(২৬) মুখ্যসচিব, সিটি কর্পোরেশন এবং পৌরসভার মেয়রদের উপস্থিতিতে কোরবানীর পশু নির্ধারিত স্থানে জবেহ্করণের বিষয়ে আগামী জুন মাসে মাননীয় মন্ত্রীর সভাপতিত্বে একটি সভার আয়োজন করতে হবে;

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/
আবদুল মালেক
সচিব
স্থানীয় সরকার বিভাগ

স্মারক নং-৪৬.০০.০০০০.০৭০.০১৮.৩৫২.১৪-৪৮৬

তারিখঃ ১৬ মে, ২০১৬ খ্রিঃ।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলঃ

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সিনিয়র সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
৩। সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬। সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭। সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮। সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৯। সচিব, পরিবেশ ও বন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০। সচিব, ধর্ম মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১১। সচিব, রেলপথ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১২। সচিব, তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য

পূর্ব পৃষ্ঠা হতেঃ

১৩। সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৪। অতিরিক্ত সচিব(নগর উন্নয়ন), স্থানীয় সরকার বিভাগ।
১৫। যুগ্ম-সচিব(নগর উন্নয়ন-১), স্থানীয় সরকার বিভাগ।
১৬। যুগ্ম-সচিব(নগর উন্নয়ন-২), স্থানীয় সরকার বিভাগ।
১৭। প্রধান নির্বাহী কর্মকর্তা,
ঢাকা উত্তর/ঢাকা দক্ষিণ/চট্টগ্রাম/রাজশাহী/ খুলনা/সিলেট
বরিশাল/নারায়ণগঞ্জ/কুমিল্লা/রংপুর/গাজিপুর সিটি কর্পোরেশন।
১৮। জেলা প্রশাসক, --------------------------------------জেলা (সকল)।
১৯। উপ-সচিব(পৌর-১ অধিশাখা), স্থানীয় সরকার বিভাগ।
২০। সচিব মহোদয়ের একান্তসচিব, স্থানীয় সরকার বিভাগ।
২১। সহকারী সচিব(পৌর-১), স্থানীয় সরকার বিভাগ।

খলিল আহমদ
উপসচিব
ফোনঃ ৯৫৭৩৬২৫

E\city corporation\ETC\Regulation